

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৩১

তেলিয়ামুড়া, ১৭ আগস্ট, ২০২৪

১৯ আগস্ট তেলিয়ামুড়ায় বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুরের জন্মজয়ন্তী উদযাপন

আধুনিক ত্রিপুরার রূপকার মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুরের খোয়াই জেলাভিত্তিক ১১৬তম জন্মজয়ন্তী অনুষ্ঠান তেলিয়ামুড়ার চিত্রাঙ্গদা কলাকেন্দ্রে উদযাপন করা হবে। ১৯ আগস্ট সকাল ১১টায় এই অনুষ্ঠানের উদ্বোধন করবেন ত্রিপুরা বিধানসভার সরকারি মুখ্যসচেতক বিধায়ক কল্যাণী সাহা রায়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে অতিথি হিসাবে উপস্থিত থাকবেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, তেলিয়ামুড়া ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান ভানলাল রাঞ্জল ও ভাইস চেয়ারম্যান প্রসন্নহরি জমাতিয়া প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন তেলিয়ামুড়া পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়। উল্লেখ্য এই অনুষ্ঠান উপলক্ষে ঐদিন সকাল থেকেই চিত্রাঙ্গদা কলাকেন্দ্রে আয়োজিত হবে বিভিন্ন কর্মসূচি। এরমধ্যে সকাল ৯টা থেকে চারটি বিভাগে বসে আঁকো প্রতিযোগিতা, সকাল ১১টায় মূল অনুষ্ঠানে মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুরের প্রতি শ্রদ্ধাঞ্জাপন, আলোচনাচক্র ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হবে। এরপর অনুষ্ঠিত হবে আন্তঃবিদ্যালয় কৃতিজ্ঞ প্রতিযোগিতা, পুরস্কার বিতরণী অনুষ্ঠান। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে সহযোগিতায় রয়েছে তেলিয়ামুড়া পুর পরিষদ।
